

রহমান রহীম আল্লাহ তায়ালার নামে

রুকু ১

- ০৭৭-১ মৃদুমন্দ ও ক্রমাগতভাবে পাঠানো (কল্যাণবাহী) বাতাসের শপথ,
- ০৭৭-২ প্রলয়ংকারী ঝঞ্ঝা বাতাসের শপথ,
- ০৭৭-৩ মেঘমালা বিস্তৃতকারী বাতাসের শপথ,
- ০৭৭-৪ (আবার এ মেঘমালাকে) যে (বাতাস) টুকরো টুকরো করে আলাদা করে দেয়া তার শপথ,
- ০৭৭-৫ (মানুষের অস্তরে) ওহী নিয়ে আসে যে (ফেরেশতা) তার শপথ,
- ০৭৭-৬ (বিশ্বাসীরা এরপর) যেন কোনো ওয়র আপত্তি (পেশ) করতে না পারে কিংবা (অবিশ্বাসীরা) যেন এতে সতর্ক হতে পারে,
- ০৭৭-৭ নিঃসন্দেহে তোমাদের (পরকাল দিবসের) যে প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা সংঘটিত হবেই;
- ০৭৭-৮ যখন আকাশের তারাগুলোকে জ্যোতিহীন করে দেয়া হবে,
- ০৭৭-৯ যখন আকাশ বিদীর্ণ হয়ে যাবে,
- ০৭৭-১০ যখন পাহাড়গুলোকে (ধূলার মতো) উড়িয়ে দেয়া হবে,
- ০৭৭-১১ যখন নবী রসূলদের সকলকে নির্ধারিত সময়ে (এক জায়গায়) জড়ো করা হবে;

০৭৭-১২ কোন (বিশেষ) দিনটির জন্যে (এ কাজটি) স্থগিত করে রাখা হয়েছে?

০৭৭-১৩ (হাঁ) চূড়ান্ত ফয়সালার দিনটির জন্যে,

০৭৭-১৪ তুমি কি জানো সে ফয়সালার দিনটি কেমন হবে?

০৭৭-১৫ যারা (একে) মিথ্যা সাব্যস্ত করেছে সেদিন তাদের ধ্বংস (অবধারিত)।

০৭৭-১৬ আমি কি আগের (অবিশ্বাসী যালেম) লোকদের ধ্বংস করিনি?

০৭৭-১৭ অতঃপর আমি পরবর্তী লোকদেরও (ধ্বংসের পথে) পূর্ববর্তীদের সঙ্গী করে দেবো।

০৭৭-১৮ (সকল যুগে) অপরাধী ব্যক্তিদের সাথে আমি এ (একই) ধরনের ব্যবহারই করে থাকি।

০৭৭-১৯ (যাবতীয়) দুর্ভাগ সেদিন তাদের (জন্যে) যারা (সত্যকে) মিথ্যা প্রতিপন্ন করেছে!

০৭৭-২০ আমি কি তোমাদের (এক ফোঁটা) তুচ্ছ পানি থেকে সৃষ্টি করিনি?

০৭৭-২১ অতঃপর সেই (তুচ্ছ পানির) ফোঁটাকে একটি সংরক্ষিত স্থানে আমি (সযত্নে) রেখে দিয়েছি?

০৭৭-২২ (রেখে দিয়েছি) একটি সুনির্দিষ্ট মেয়াদ পর্যন্ত,

০৭৭-২৩ তারপর তাকে পরিমাণমতো সব (কিছু দিয়ে আমি পূর্ণাঙ্গ একটি মানুষ তৈরী) করতে সক্ষম হয়েছি, কতো সক্ষম (ও নিপুণ) স্রষ্টা আমি!

০৭৭-২৪ (যাবতীয়) দুর্ভাগ সেদিন তাদের জন্যে যারা (সত্যকে) মিথ্যা প্রতিপন্ন করেছে!

- ০৭৭-২৫ আমি কি ভূমিকে (প্রয়োজনীয় সামগ্রীসমূহের) ধারণকারী করে বানিয়ে রাখিনি?
- ০৭৭-২৬ জীবিত ব্যক্তিদের যেমনি (সে ধারণ করে আছে) তেমনি মৃত ব্যক্তিদেরও (সে নিজের ভেতরে ধরে রেখেছে),
- ০৭৭-২৭ আমি তাতে উঁচু উঁচু পর্বতমালা সৃষ্টি করে রেখেছি এবং তোমাদের আমি সুপন্ন পানি পান করিয়েছি।
- ০৭৭-২৮ দুর্ভাগ তাদের জন্যে, যারা (এসব সত্যকে) মিথ্যা প্রতিপন্ন করেছে।
- ০৭৭-২৯ (বিচারের পর বলা হবে,) এবার চলো সেই জিনিসের দিকে যাকে তোমরা দুনিয়ায় মিথ্যা প্রতিপন্ন করতে,
- ০৭৭-৩০ চলো সেই ধূমপুঞ্জের ছায়ার দিকে, যার রয়েছে তিনটি (ভয়ংকর) শাখা প্রশাখা,
- ০৭৭-৩১ এ ছায়া কিন্তু সুনিবিড় কিছু নয়, এটা (তাকে) আগুনের লেলিহান শিখা থেকে বাঁচাতেও পারবে না;
- ০৭৭-৩২ (বরং) তা বৃহৎ প্রাসাদভুল্য আগুনের স্ফুলিঙ্গ নিষ্ক্ষেপ করতে থাকবে,
- ০৭৭-৩৩ (মনে হবে) তা যেন হালুদ বর্ণেও (কতিপন্ন) উটের পাল;
- ০৭৭-৩৪ দুর্ভাগ তাদের (জন্যে), যারা (একে) মিথ্যা প্রতিপন্ন করেছে।
- ০৭৭-৩৫ এ হচ্ছে সেই (মহাবিচারের) দিন, যেদিন কেউ কোনো কথা বলবে না,
- ০৭৭-৩৬ কাউকে সেদিন (গুনাহের পক্ষে) ওয়র আপত্তি (কিংবা সাফাই) পেশ করার অনুমতি দেয়া হবে না।

০৭৭-৩৭ যাবতীয় দুর্ভোগ সেদিন তাদের (জন্যে), যারা (এসব সত্যকে) মিথ্যা প্রতিপন্ন করেছে।

০৭৭-৩৮ (সেদিন পাপীদের বলা হবে,) আজকের দিন হচ্ছে চূড়ান্ত ফয়সালায় দিন, তোমাদের সাথে তোমাদের পূর্ববর্তী সকল মানুষকে আজ আমি (এখানে) একত্রিত করেছি।

০৭৭-৩৯ আজ যদি (আমার বিরুদ্ধে) তোমাদের কোনো অপকৌশল প্রয়োগ করার থাকে তাহলে তা প্রয়োগ করো।

০৭৭-৪০ দুর্ভোগ তাদের (জন্যে), যারা (একে) মিথ্যা প্রতিপন্ন করেছে।

রুকুত ২

০৭৭-৪১ (আল্লাহকে) যারা ভয় করেছে আজ তারা থাকবে (সুনিবিড়) ছায়াতলে এবং (প্রবাহমান) ঝর্ণাধারার মাঝে,

০৭৭-৪২ তাদের জন্যে ফলফলারির ব্যবস্থা থাকবে, যা চাইবে তারা তাই পাবে;

০৭৭-৪৩ (তাদের বলা হবে, দুনিয়ায়) তোমরা যা করে এসেছো তার পুরস্কার হিসেবে (আজ) তোমরা তৃপ্তির সাথে (আমার নেয়ামত) খাও ও পান করো।

০৭৭-৪৪ অবশ্যই আমি সংকর্মশীল মানুষদের এমনভাবে পুরস্কার দিয়ে থাকি।

০৭৭-৪৫ সেদিন (যাবতীয়) দুর্ভোগ তাদের জন্যে, যারা (এসব সত্যকে) মিথ্যা প্রতিপন্ন করেছে!

০৭৭-৪৬ (হে অবিশ্বাসীরা,) কিছুদিনের জন্যে তোমরা এখানে খেয়ে নাও এবং কিছু ভোগ আশ্বাদনও করে নাও, নিঃসন্দেহে তোমরা হচ্ছে অপরায়ী!

০৭৭-৪৭ (যাবতীয়) দুর্ভোগ সেদিন তাদের (জন্যে) যারা (এসব সত্যকে) মিথ্যা সাব্যস্ত করেছে।

০৭৭-৪৮ এ যালেমদের অবস্থা হচ্ছে, এদের যখন বলা হয়, তোমরা আল্লাহর দরবারে
নত হও, তখন তারা নত হয় না।

০৭৭-৪৯ (যাবতীয়) দুর্ভাগ সেদিন তাদের (জন্যে), যারা (এসব সত্যকে) মিথ্যা
প্রতিপন্ন করেছে!

০৭৭-৫০ (তুমিই বলো,) এরপর আর এমন কোন্ কথা আছে যার ওপর এরা ঈমান
আনবে!

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London

Published as Portable Document Format by : *Mohammad Noor-e-Alam Siddiquee*
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr